দৈনিক
জনকণ্ঠ

তারিখ 06 JUL 2015
পৃষ্ঠা ২ কলাম ৬

# কারিগরি শিক্ষায় ভারতের ২ হাজার ৩শ' ৮ কোটি টাকা সাহায্য

স্টাফ রিপোর্টার ॥ বাংলাদেশের কারিগরি শিক্ষার উন্নয়নে দুই হাজার ৩৮১ কোটি ১৬ লাখ টাকার আর্থিক সহযোগিতা করবে ভারত। শিক্ষা মন্ত্রণালয় এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, ভারত সরকার দেশের ৪৯টি সরকারী পলিটেকনিক ইনস্টিটিউটে অতিরিক্ত এক লাখ শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন ও আধুনিকায়নের জন্য এ আর্থিক সহযোগিতা প্রদানে সম্মত হয়েছে। ইতোমধ্যে এ বিষয়ে বাংলাদেশ সরকার ও ভারত সরকারের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। তিন বছর মেয়াদী প্রকল্পের মাধ্যমে কাজ চলবে। প্রকল্পের নাম 'ক্রিয়েটিং ফ্যাসিলিটি ফর এডিশনাল ওয়ান লাখ স্টুডেন্টস্ এনরোলমেন্ট ইন ফর্টিনাইন পলিটেকনিক ইনস্টিটিউট্স'। এ প্রকল্পের আওতায় দেশের ৪৯টি পলিটেকনিকে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ, শিক্ষার্থী-শিক্ষক-কর্মচারীদের জন্য প্রয়োজনীয় সুবিধা বৃদ্ধি, প্রচলিত ট্রেডসমূহের পাশাপাশি আরও নতুন ১৮টি ইমার্জিং টেকনোলজি চালু করে আরও অতিরিক্ত এক লাখ দক্ষ মানবসম্পদ তৈরি করে দেশীয় ও বিশ্ব জবমার্কেটের চ্যালেঞ্জ মোকাবেলা করা হবে। কারিগরি শিক্ষা সেক্টরে চালু করা নতুন ১৮টি ইমার্জিং টেকনোলজির কথাও তুলে ধরা হয়েছে মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তিতে। এগুলো হচ্ছে- এনিমেশন এ্যান্ড ফিল্ম মেকিং, ডাটা কমিউনিকেশন এ্যান্ড নেটওয়ার্কিং, ফুড প্রসেসিং এ্যান্ড প্রিসার্ভেশন, ফুটওয়্যার এ্যান্ড লেদার প্রডাক্টস, কিন এ্যান্ড ফার্নেস, ল্যান্ডস্কেপ ইঞ্জিনিয়ারিং এ্যান্ড আর্কিটেকচার, মেডিয়া এ্যান্ড জার্নালিজাম, মোশন গ্রাফিক্স এ্যান্ড ব্রডকাস্টিং, মালটিমিডিয়া এ্যান্ড ইনফরমেশন কমিনিকেশন, ওশেনোগ্রাফিক, প্লাস্টিক এ্যান্ড পোলিমার, শিমুলেশন, সফটওয়্যার ডেভেলপমেন্ট, সোলার, স্ট্রাকচারাল, সিরামিক, টুরিজম এ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ট্রান্সপোর্টেশন ও ওয়েব ডিজাইন। উল্লেখ্য, বর্তমানে সরকারী পলিটেকনিকগুলোতে দুই শিফটে মোট ৩১ হাজার ৫৮০ জন শিক্ষার্থী ভর্তি করা হয়।